অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/1/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

লেচওর্থ স্টেট পার্কে গভর্নর হোচুলের অভিনব অটিজম ন্যাচার ট্রেইলের সাড়ম্বর উদ্বোধন ঘোষণা

অটিজম-স্পেকট্রাম ডিজঅর্ডার সংশ্লিষ্ট কমিউনিটি ও পরিবারগুলোর জন্য বিশেষভাবে নির্ধারিত যুক্তরাষ্ট্রের প্রথম ট্রেইল

3.3 মিলিয়ন ডলারের বেশি বেসরকারি তহবিল এই প্রকল্পে সহায়তা করেছে

ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে অটিজম-স্পেকট্রাম ডিজঅর্ডার এবং অন্যান্য বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত মানুষদের ইন্দ্রিয় সংক্রান্ত চাহিদা পূরণের জন্য বিশেষভাবে নকশাকৃত দেশের প্রথম প্রাকৃতিক ট্রেইল ওয়েস্টার্ন নিউ ইয়র্কের লেচওর্থ স্টেট পার্কে উন্মুক্ত করা হয়েছে। 3.3 মিলিয়ন ডলারের বেশি বেসরকারি তহবিল উত্তোলনের মাধ্যমে সমর্থিত এই নতুন অটিজম ন্যাচার ট্রেইল একটি এক মাইল দীর্ঘ হাইকিং লুপ যেটির মধ্যে আটটি চিহ্নিত সেন্সরি স্টেশন অন্তর্ভুক্ত রয়েছে, যেগুলোর প্রত্যেকটি একটি নিরাপদ ও সহায়তামূলক পরিবেশে একটি ভিন্ন সংবেদী অভিজ্ঞতা প্রদানের জন্য নকশা করা হয়েছে।

"অটিজম-স্পেকট্রাম ডিজঅর্ডারে আক্রান্ত ব্যক্তিদের এবং তাদের পরিবারের জন্য ঘরের বাইরে যাওয়ার সুফলগুলো বয়ে আনার বিশেষ উদ্দেশ্য নিয়ে নকশাকৃত এই পাবলিক ট্রেইল তৈরি করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট দেশকে নেতৃত্ব দিচ্ছে," **বলেছেন গভর্নর হোচুল।** "স্টেট পার্কগুলো প্রত্যেকের জন্য অ্যাক্সেসযোগ্য হওয়া উচিত, এবং এটি সুবিধাবঞ্চিত কমিউনিটির জন্য একটি উষ্ণ ও অন্তর্ভুক্তিমূলক স্থান।"

অটিজম ন্যাচার ট্রেইল সংলগ্ন ক্রিয়াকলাপ সংবেদী অনুভূতি ও অন্তর্ভুক্তিতে সহায়তা ও উদ্বুদ্ধ করে, সেইসাথে সকল সক্ষমতা ও বয়সের দর্শনার্থীদের জন্যেও উপভোগ্য ক্রিয়াকলাপ সরবরাহ করে। এসব স্টেশন দক্ষতা গড়ার সরঞ্জাম হিসেবে প্রকৃতি ও প্রাকৃতিক উপাদান ব্যবহার করে প্রত্যেক দর্শনার্থীর ইন্দ্রিয়কে সম্পৃক্ত করে। এই ট্রেইল নিরাপদে সামাজিক দূরত্ব বজায় রাখা এবং পরিকল্পিত মিথস্ক্রিয়ার সুযোগ দিতে সেটআপ করা হয়েছে।

সেন্সরি স্টেশন ও অটিজম ন্যাচার ট্রেইলের অন্যান্য বৈশিষ্ট্যের মধ্যে রয়েছে:

- সেন্সরি স্টেশন, যেখানে বিভিন্ন ধরনের গাছের পাতা, মস, ফসিল, প্রাণীর পশম, ওক ফল ও অন্যান্য বস্তু স্পর্শ করা, হাতে নেয়া, এবং এমনকি ঘ্রাণ শুঁকে দেখার ব্যবস্থা থাকবে;
- সানশাইন স্লুপ, একটি খোলা জায়গায় থাকা একটি শান্ত গোলকধাঁধা যার মধ্যে একটি ভিউইং প্লাটফর্ম, তিনটি কাডল সুইং, এবং একটি "একা থাকার এলাকা" অন্তর্ভুক্ত রয়েছে;
- মিউজিক সার্কেল, যেখানে প্রকৃতি থেকে অনুপ্রাণিত বিভিন্ন ধরনের বাদ্যযন্ত্র একাকী অবস্থায় অথবা অন্যদের সাথে মিলে সৃজনশীল হতে উৎসাহিত করে;
- কিউরিওসিটি কর্নার, একটি গ্লাইডিং সিট, পিঁপড়া আকৃতির পাথর, এবং ট্রেইলের শুরুতে ফিরে যাওয়ার জন্য একটি শর্টকাটের অ্যাক্সেস সহ একটি খোলা জায়গা রয়েছে;
- রিফ্লেকশন নল, ট্রেইলের মাঝ দূরত্বে গাছের শামিয়ানার নিচে একটি নীরব জায়গা, যেখানে পাথরের মধ্যে বনভূমির প্রাণিদের খচিত নকশা লুকানো রয়েছে;
- মিডো রান অ্যান্ড ক্লাইম্ব, সর্পিলাকার ঘাসে ঢাকা রাস্তা সংলগ্ন দৌড়ানো, লাফ দেয়া ও ভারসাম্য রক্ষা করার একটি পথ ও অবস্ট্যাকল কোর্স সহ একটি জায়গা;
- ডিজাইন জোন, যেখানে দর্শনার্থীরা ট্রেইল সংলগ্ন উপাদানগুলো প্যাটার্ন ও কাঠামোতে সাজাতে পারেন;
- কৌতুকপূর্ণ পথ, রুক্ষ কাঁকর, কাঠের গোলাকার গুড়ি, ও বালিময় পথ সহ বিভিন্ন ধরনে ভূপৃষ্ঠ নিয়ে আঁকাবাঁকা পথ সহ একটি জায়গা;
- দ্যা নুক, একটি প্রাকৃতিক শামিয়ানার নিচে সতর্কতার সাথে খালি জায়গা রেখে বসার ব্যবস্থা করা হয়েছে এমন একটি জায়গা;
- উদযাপনের স্টেশন, ট্রেইলের শেষ প্রান্ত হিসেবে, এই এলাকায় দর্শনার্থীদের ট্রেইলে তাদের অভিজ্ঞতা সম্পর্কে লেখা ও চিত্রাঙ্কনের মাধ্যমে নিজেদের অনুভূতি প্রকাশ করার একটি জায়গা রয়েছে।

পার্কিং, রেস্টরুম ও ওয়াই-ফাই সুবিধা থাকা পার্কটির হামফ্রে ন্যাচার সেন্টারের (Humphrey Nature Center) কাছাকাছি অবস্থিত এই ADA-কমপ্লায়েন্ট ট্রেইল একজন গবাদি পশু শিল্পের বিশেষজ্ঞ, ড. টেম্পল গ্র্যানডিনের মতামত নিয়ে নকশা করা হয়েছে, যিনি 1950 সালে দুই বছর বয়সে অটিজমে আক্রান্ত হিসেবে শনাক্ত হন এবং বর্তমানে অটিস্টিক কমিউনিটির জন্য বিশ্বের সবচেয়ে প্রসিদ্ধ প্রবক্তাদের অন্যতম।

ট্রেইলের জন্য সহায়তা ও কর্মপরিকল্পনা এসেছে নিকটস্থ ওয়াইমিং কাউন্টির পেরি সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট (Perry Central School District) ও রচেস্টারের ক্যাম্প পাজল পিস (Camp Puzzle Peace) নামক বিকাশ সংক্রান্ত অক্ষমতা নিয়ে বসবাস করা পরিবারগুলোর জন্য অ্যাডিরনড্যাকের একটি সামার ক্যাম্প থেকে। স্টেট পার্কগুলোর পক্ষে ন্যাচারাল হেরিটেজ ট্রাস্ট (Natural Heritage Trust) এই ট্রেইলের জন্য তহবিল উত্তোলন ব্যবস্থাপনার দায়িত্ব পালন করছে। এই ট্রাস্ট একটি অলাভজনক দাতব্য কর্পোরেশন যা পার্ক, চিত্তবিনোদন, সাংস্কৃতিক, ভূমি ও পানি সংরক্ষণ এবং ঐতিহাসিক সংরক্ষণের উদ্দেশ্যসমূহ পূরণের জন্য সরকারি

কর্মসূচিগুলোকে সহায়তা করার জন্য উপহার, তহবিল, ও অনুদান গ্রহণ ও ব্যবস্থাপনা করে থাকে।

গত মাসে, অটিজম ন্যাচার ট্রেইলের সমর্থকরা এই প্রকল্পের প্রাথমিক পর্যায় থেকে সবচেয়ে বেশি নিবেদিত থাকা সমর্থক, ANT কো-ফাউন্ডার সুজান হার্নস্টেইনকে হঠাৎ করে হারিয়ে ফেলেছেন। তার পরিবার অনুরোধ জানিয়েছে যে তার স্মৃতির উদ্দেশ্যে করা যেকোনো দান যাতে ন্যাচারাল হেরিটেজ ট্রাস্টের মাধ্যমে অটিজম ন্যাচার ট্রেইলের কাছে প্রদান করা হয়।

অটিজম ন্যাচার ট্রেইলে দর্শনার্থীদের জন্য কর্মসূচির আয়োজন করতে সহায়তা করার জন্য তহবিল উত্তোলন অব্যাহত থাকবে। এখন পর্যন্ত, এই প্রকল্পে 650টিরও বেশি স্বতন্ত্র দান প্রদান করা হয়েছে, যার মধ্যে 430 জন ব্যক্তি দাতা, 50টি কর্পোরেট দাতা, 25টি কমিউনিটি গ্রুপ, এবং 15টিরও বেশি ফাউন্ডেশন অন্তর্ভুক্ত রয়েছে।

স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইড বলেন, "সরকারি-বেসরকারি যে অংশীদারিত্ব এই অভিনব প্রকল্পের কথা কল্পনা ও বাস্তবায়ন করেছে তারা দেখিয়ে দিয়েছে যে সহযোগিতা ও দৃঢ় প্রতিজ্ঞ মনোভাবের শক্তির সম্মিলনে কী অর্জন করা সম্ভব। স্টেট পার্কস অগণিত সংখ্যক ঘণ্টাব্যাপী কাজ করে যাওয়া আমাদের নিবেদিত কর্মী ও অংশীদারদের মূল্য দেয় এবং এত বেশি সংখ্যক দাতার উদারহস্তে প্রদান করা আর্থিক সহায়তার জন্য কৃতজ্ঞ।"

অটিজম ন্যাচার ট্রেইলের একজন কো-ফাউন্ডার এবং গিনিস রিজিওনাল পার্ক কমিশনের সদস্য, লোরেন পেনম্যান বলেন, "প্রকৃতিতে প্রথমবারের মতো এই ধরনের অভিজ্ঞতা তৈরি করার জন্য সাত বছর ধরে চলা প্রক্রিয়ার মধ্য দিয়ে আমরা যা শিখেছি তা থেকে আমাদের আশা এই অটিজম ন্যাচার ট্রেইল ব্যাপকভাবে অনুসৃত একটি দৃষ্টান্ত হয়ে উঠবে। যেখানে অন্যরা জনসাধারণের জন্য উন্মুক্ত স্থানগুলোকে অ্যাক্সেসযোগ্য করার জন্য সেগুলো রেট্রোফিট করে, সেখানে আমরা একটি অ্যাক্সেসযোগ্য স্থান তৈরি করেছি এবং তারপর সেটিকে জনসাধারণের জন্য উন্মুক্ত করে দিয়েছি--আর এটাই সবটুকু পার্থক্য করেছে।"

অটিজম ন্যাচার ট্রেইলের একজন সহ-প্রতিষ্ঠাতা ও গিনিস রিজিওনাল পার্ক কমিশনের সদস্য, গেইল সার্ভেন্টি বলেন, "এটি আমাদের স্বপ্ন সত্যি হওয়ার বিষয় এবং অটিজম ন্যাচার ট্রেইল ধরে একবার হেঁটে যাওয়াটা সব ধরনের সক্ষমতাসম্পন্ন ব্যক্তি ও পরিবারের উপর যে ইতিবাচক প্রভাব ফেলবে তার জন্য আমি অধীর আগ্রহে অপেক্ষা করছি।"

ক্যাম্প পাজল পিস -র এক্সিকিউটিভ ডিরেক্টর জেন হ্যাকেট বলেন, "প্রকৃতির প্রতি ভালোবাসা শেয়ার করা এবং সব পরিবারকে একটি অর্থপূর্ণ উপায়ে ঘরের বাইরের আনন্দ উপভোগ করার সুযোগ করে দেয়ার আকাঙ্ক্ষা থেকে ক্যাম্প পাজল পিস প্রতিষ্ঠা করা হয়। সক্ষমতা বা ডায়াগনোসিস নির্বিশেষে, সব পরিবারের জন্য অটিজম ন্যাচার ট্রেইলে ক্রিয়াকলাপের সুযোগ প্রদান করার মাধ্যমে আমাদের উদ্দেশ্য সম্প্রসারণ করার ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটের সাথে অংশীদার হতে পেরে আমরা অত্যন্ত গর্বিত।"

পেরি স্কুল ডিস্ট্রিক্ট সুপারিন্টেন্ডেন্ট ডেরিল ম্যাকলাফলিন বলেন, "সারা বিশ্বের চোখ এখন এই প্রকল্পের দিকে। আমরা যা করছি তা আগে কখনো কেউ করেনি। কোনো একটি উদ্দেশ্যে যখন ব্যক্তি, দল, ও মিউনিসিপ্যালিটিগুলো সম্পৃক্ত হয়ে কাজ করে তখন কী অর্জন করা সম্ভব এই প্রকল্প তারই প্রতিনিধিত্ব করে। এই অটিজম ন্যাচার ট্রেইল একটি শক্তিশালী নির্দেশনা প্রদানের জায়গা হবে যেখানে সব ব্যক্তির জন্য সর্বাধুনিক শিক্ষা ও পাঠদানের কার্যক্রম সম্পন্ন হবে। এছাড়াও এই প্রকল্প অর্থনৈতিক উন্নয়ন প্রক্রিয়ায় একটি মৌলিক পরিবর্তনের দৃষ্টান্ত হয়ে থাকবে।"

রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের (Centers for Disease Control and Prevention) অনুমান অনুযায়ী যুক্তরাষ্ট্রে আনুমানিক প্রতি 54টি শিশুর মধ্যে 1টি শিশুর অটিজম-স্পেকট্রাম ডিজঅর্ডার (ASD) শনাক্ত হয়েছে। ASD সকল জাতিগত, নৃতাত্ত্বিক, ও আর্থসামাজিক গোষ্ঠীর মধ্যে ঘটে বলে জানা গেছে এবং প্রায় ক্ষেত্রেই এটি বাবা-মা, ভাই-বোন, ও বর্ধিত পরিবারের সদস্যদের উপর প্রচণ্ড প্রভাব ফেলে।

পরিসংখ্যান থেকে দেখা গেছে যে অটিজমে আক্রান্ত শিশুরা অনেক বেশি পরিমাণ সময় ঘরের ভেতরে কাটিয়ে থাকে, প্রায়শ তারা ডিজিটাল ক্রিয়াকলাপে স্বস্তি খুঁজে নেয় যা সামাজিকভাবে বিচ্ছিন্ন হয়ে পড়ার কারণ হয়। এই বিচ্ছিন্নতা শুধু ASD আক্রান্ত ব্যক্তিদেরকেই প্রভাবিত করে না বরং কেয়ারগিভারদের ও পুরো পরিবারকে প্রভাবিত করতে পারে, যারা কখনো কখনো ঘরের বাইরের পরিবেশে গিয়ে অস্বস্তি বোধ করতে পারেন।

অটিজম ন্যাচার ট্রেইল সম্পর্কে আরো তথ্যের জন্য দেখুন: https://autismnaturetrail.com/।

বছরে প্রায় এক মিলিয়ন মানুষের ঘুরতে যাওয়া লেচওর্থ স্টেট পার্ক 14,000 একরেরও বেশি জায়গা নিয়ে অবস্থিত এবং এটি যুক্তরাষ্ট্রের সবচেয়ে প্রাকৃতিক সৌন্দর্যময় জায়গাগুলোর মধ্যে একটি। 2015 সালে USA টুডে (USA Today)-এর পাঠকরা এটিকে যুক্তরাষ্ট্রের সেরা স্টেট পার্ক হিসেবে ভোট দিয়েছিল। ঘন বন দিয়ে ঘেরা গিনিস নদী কিছু কিছু জায়গায় 600 ফুট পর্যন্ত উচ্চতা বিশিষ্ট খাড়া পাহাড়ের মধ্যবর্তী তিনটি জলপ্রপাতের মাধ্যমে গিরিসঙ্কটের মধ্য দিয়ে প্রবাহিত হয়। এই পার্কে 66 মাইল দীর্ঘ হাইকিং ট্রেইল রয়েছে, সেইসাথে ঘোড়ার পিঠে চড়া, বাইকিং, স্নোমোবাইল চালানো, এবং ক্রস-কান্ট্রি স্কিইং-এর ট্রেইল রয়েছে। লেচওর্থ প্রকৃতি, ইতিহাস ও পারফর্মিং আর্টস কর্মসূচির পাশাপাশি গাইড সহ হাঁটা, ট্যুর, একটি গ্রীষ্মকালীন লেকচার সিরিজ, হোয়াইট ওয়াটার র‍্যাফটিং, কায়াকিং, সাঁতারের জন্য একটি পুল ও হট এয়ার বেলুন, প্রভৃতির ব্যবস্থা রয়েছে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন 250 এর বেশি একক পার্ক, ঐতিহাসিক সাইট, বিনোদন ট্রেইল, এবং নৌকা চলাচল দেখাশোনা করে, যা 2020 সালে রেকর্ড সংখ্যক 78 মিলিয়ন মানুষ দেখতে গিয়েছেন। একটি বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক গবেষণায় দেখা গিয়েছে যে স্টেট পার্কস এবং এর ভ্রমণকারীদের করা খরচ আউটপুট এবং বিক্রয়ে 5 বিলিয়ন মার্কিন ডলার, 54,000 বেসরকারি খাতের চাকরি এবং স্টেটের জিডিপিতে বাড়তি 2.8 বিলিয়ন মার্কিন ডলার সমর্থন করে। এসব চিত্তবিনোদনের যেকোনোটি সম্পর্কে আরো তথ্যের জন্য www.parks.ny.gov ওয়েবসাইট দেখুন,

বিনামূল্যের NY স্টেট পার্কস এক্সপ্লোরার (NY State Parks Explorer) মোবাইল অ্যাপ ডাউনলোড করুন অথবা 518.474.0456 নম্বরে ফোন করুন। এছাড়াও, ফেসবুক (Facebook), ইনস্টাগ্রাম (Instagram) ও টুইটারে (Twitter) আমাদের সাথে সংযুক্ত হোন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন